



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ঋণ শ্রেণীবিন্যাস বিভাগ।

ফোনঃ ৯৫১৪৯১২, E-mail: dgmlcd@krishibank.org.bd



নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০১৯-২০/২৩৫

তারিখ : ২৫-০৩-২০২০

মহাব্যবস্থাপক

স্থানীয় মুখ্য কার্যালয়

উপ-মহাব্যবস্থাপক

সকল কর্পোরেট শাখা

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ঋণ শ্রেণীকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১৯-০৩-২০২০ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-০৪ এবং আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগের ২৪-০৩-২০২০ তারিখে জারীকৃত ডিএফআইএম সার্কুলার নং-০১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। সম্প্রতি দেশে করোনা ভাইরাসের উপস্থিতির কারণে আমদানি ও রপ্তানিসহ দেশের সামগ্রিক অর্থনীতিতে বিরূপ প্রভাবের কারণে ঋণ গ্রহীতাদের আর্থিক ক্ষতি ও ঋণের অর্থ পরিশোধের বিষয়টি বিবেচনায় নিয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, ০১ জানুয়ারী ২০২০ তারিখে বিদ্যমান ঋণ/লিজ/অগ্রিমের শ্রেণীমাণ যা ছিল, আগামী ৩০ জুন ২০২০ পর্যন্ত সময়ে উক্ত ঋণ/লিজ/অগ্রিম তদাপেক্ষা বিরূপমাণে শ্রেণীকরণ করা যাবে না। তবে, এ সময়ে কোন ঋণ/লিজ/অগ্রিমের শ্রেণীমাণের উন্নতি হলে তা যথাযথ নিয়মে শ্রেণীকরণ করা যাবে।

০৩। এতদপ্রেক্ষিতে, বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-০৪ এবং ডিএফআইএম সার্কুলার নং-০১ সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো। ঋণ শ্রেণীবিন্যাস এর সংশোধিত নীতিমালা সংক্রান্ত বর্ণিত সার্কুলারের সকল নির্দেশনা যথাযথ/কঠোরভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ ০২(দুই)।

আপনার বিশ্বস্ত,

  
(মুহম্মদ সাজ্জাদ হোসেন)


সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

তারিখ : - ঐ -

নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০১৯-২০/২৩৫(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/অধ্যক্ষ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে আলোচ্য পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৮। নথি/মহানথি।

  
25/03/2020  
(মোহাম্মদ শামসুল আলম)  
উর্ধতন মুখ্য কর্মকর্তা

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সাকুলার নং-০৪

১৯ মার্চ ২০২০  
তারিখঃ -----  
০৫ চৈত্র ১৪২৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণ শ্রেণীকরণ প্রসঙ্গে।

সম্প্রতি করোনা ভাইরাসের কারণে বিশ্ববাণিজ্যের পাশাপাশি বাংলাদেশের ব্যবসা বাণিজ্যেও এর নেতিবাচক প্রভাব পড়ছে। আমদানি ও রপ্তানিসহ দেশের সামগ্রিক অর্থনীতিতে করোনা ভাইরাসের কারণে চলমান বিরূপ প্রভাবের ফলে অনেক ঋণগ্রহীতাই সময়মতো ঋণের অর্থ পরিশোধে সক্ষম হবেন না মর্মে ধারণা করা যাচ্ছে। ফলশ্রুতিতে চলমান ব্যবসা বাণিজ্য ক্ষতিগ্রস্ত হওয়ার এবং দেশে সামগ্রিকভাবে কর্মসংস্থান বাধাগ্রস্ত হওয়ার আশংকা রয়েছে।

০২। বর্ণিত বিষয়াবলী বিবেচনায় এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, ০১ জানুয়ারি ২০২০ তারিখে ঋণের শ্রেণীমান যা ছিল, আগামী ৩০ জুন ২০২০ পর্যন্ত সময়ে উক্ত ঋণ তদাপেক্ষা বিরূপমানে শ্রেণীকরণ করা যাবে না। তবে, কোন ঋণের শ্রেণীমানের উন্নতি হলে তা যথাযথ নিয়মে শ্রেণীকরণ করা যাবে।

০৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রেজাউল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

তারিখ : ১০ চৈত্র ১৪২৬  
২৪ মার্চ ২০২০

ডিএফআইএম সার্কুলার নং-০১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

ঋণ/লিজ/অগ্রিম শ্রেণীকরণ প্রসঙ্গে

নভেল করোনাভাইরাস ডিজিজ (COVID-19) বর্তমানে বৈশ্বিক মহামারির আকার ধারণ করেছে। বিশ্ববাণিজ্যের পাশাপাশি বাংলাদেশের অর্থনীতির উপরও এর নেতিবাচক প্রভাব পড়ছে। দেশের সামগ্রিক অর্থনীতিতে করোনা ভাইরাসের বিরূপ প্রভাবের কারণে ঋণ গ্রহীতাদের আর্থিক ক্ষতি ও ঋণের অর্থ পরিশোধের বিষয়টি বিবেচনায় নিয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছেঃ

"০১ জানুয়ারি ২০২০ তারিখে বিদ্যমান ঋণ/লিজ/অগ্রিমের শ্রেণীমান ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত অপরিবর্তিত থাকবে।  
তবে এ সময়ে কোন ঋণ/লিজ/অগ্রিমের শ্রেণীমানের উন্নতি হলে তা যথাযথ নিয়মে পরিবর্তন করা যাবে।"

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ রফিকুল ইসলাম)  
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)  
ফোন : ৯৫৩০৫১৮